



‘সমানা দন্দঃ সমিতিঃ সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 3rd Semester Examination, 2023

CC7-BENGALI

NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) কোন্ বিদেশী কাব্যের প্রভাবে মধুসূদন দত্ত ‘বীরাজনা’ কাব্যের পরিকল্পনা করেন? কাব্যটির এবং কবির নাম লেখো।
- (খ) ‘বীরাজনা’ কথাটির অর্থ কী? এই কাব্যে মধুসূদন দত্ত যে বীর নারীদের কথা বলেছেন, তাদের নাম লেখো।
- (গ) ‘সোনার তরী’ কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছিলেন? কাব্যটির প্রথম প্রকাশ কবে হয়েছিল? কাব্যটির অন্তর্গত দুটি প্রকৃতি-বিষয়ক কবিতার নাম লেখো।
- (ঘ) “ঠাই নাই, ঠাই নাই—ছোট সে তরী
আমারি সোনার খানে গিয়েছে ভারি।”
—উদ্ধৃত অংশটি কোন্ কবিতার অন্তর্গত? কবির এরকম বলার অর্থ কী? সংক্ষেপে পংক্তি দুটির অন্তর্নিহিত তাৎপর্ষ লেখো।
- (ঙ) ‘এষা’ কাব্যের প্রকাশকাল লেখো। এটি কী জাতীয় কাব্য? ‘এষা’ শব্দের অর্থ কী?
- (চ) ‘এষা’ কাব্যের ‘শোক’ পর্যায়ের ১৪ সংখ্যক কবিতার সারকথা অতি সংক্ষেপে লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) পত্রকাব্য হিসেবে ‘বীরাজনা’ কাব্যের সার্থকতা আলোচনা করো।
- (খ) ‘বীরাজনা’ কাব্যের কোন্ দুটি পত্রিকায় মাতৃহৃদয়ের ভাবনার প্রকাশ ঘটেছে? পত্র দুটির মধ্যে কোথাও কোনো মৌলিক পার্থক্য আছে বলে তুমি মনে করো কি? তোমার অভিমত দাও।
- (গ) ‘এষা’ কাব্যের ‘মৃত্যু’ পর্যায়ের ৬ সংখ্যক কবিতার ভাববস্তু আলোচনা করো।
- (ঘ) ‘মানস সুন্দরী’ কবিতা অবলম্বনে সংক্ষেপে রবীন্দ্রনাথের রোমান্টিক ভাবনার পরিচয় দাও।
- (ঙ) ‘পরশপাথর’ কবিতাটির রচনাকাল উল্লেখ করো। কবিতাটিতে কবি জীবনের কোন্ সত্যের উত্থাপন করেছেন আলোচনা করো।
- (চ) অক্ষয়কুমার বড়ালের ‘এষা’ কাব্য রচনার প্রেক্ষাপটটি আলোচনা করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ‘সোমের প্রতি তারা’ পত্রে মধুসূদন দত্ত তারা চরিত্রের মধ্য দিয়ে যে নারী মনস্তত্ত্বের চিত্র তুলে ধরেছেন আলোচনা করো।
- (খ) ‘যেতে নাহি দিব’ কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর যে বিশ্বের চিরন্তন বাণী তুলে ধরেছেন আলোচনা করো।
- (গ) ‘এষা’ কাব্যকে শোককাব্য বলা যায় কি? আলোচনা করো।
- (ঘ) ‘দশরথের প্রতি কেকয়ী’ বীরাজনা কাব্যের কত সংখ্যক পত্র? এই পত্রে রাজা দশরথের প্রতি কেকয়ী যে অভিযোগ তুলেছেন — আলোচনা করো।

—x—